কালের কণ্ঠ

তারিখ ... 27 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

### ১০ দফা দাবি

# প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দেবেন ফার্মাসিস্ট ও টেকনোলজিস্টরা

১০ দফা দাবিতে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেবে 'মেডিক্যাল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্ট জাতীয় দাবি বাস্তবায়ন পরিষদ'। এ উদ্দেশ্যে আগামী রবিবার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল চত্বর থেকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দিকে যাত্রা শুরু করবেন শিক্ষক-শিক্ষার্থী, মেডিক্যাল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টরা।

দাবিগুলোর মধ্যে আছে—কারিগরী বোর্ডের সনদধারী অদক্ষ টেকনিশিয়ান ও ফার্মাসিস্টদের স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে চাকরি না দেওয়া, অবিলম্বে ডিপ্লোমা মেডিক্যাল এডুকেশন বোর্ড চালু করা, মেডিক্যাল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টদের চাকরির প্রারম্ভিক বেতনস্তর ১০তম গ্রেডে উন্নিত করা ইত্যাদি।

স্মারকলিপি দেওয়া ও পদযাত্রার সিদ্ধান্ত নেওয়া হয় গতকাল বৃহস্পতিবার দাবি বাস্তবায়ন পরিষদের এক সভায়। তাতে সভাপতিত্ব করেন পরিষদের আহ্বায়ক চন্দ্র শেখর সাহা। তিনি মেডিক্যাল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টদের রবিবার দুপুর আড়াইটার মধ্যে কেন্দ্রীয় শহীদ মিনারে সমবেত হওয়ার আহ্বান জানিয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি।